# ইসলামিক এডুকেশন সোসাইটি
جمعية التربية الاسلامية
# ISLAMIC EDUCATION SOCIETY

Govt. Reg. No. S-695/30 of 1979-1980

IES Complex, Road-6/A, Sector-05, Uttara Model Town, Dhaka-1230
Phone: 02-9330023,01770 42 56 52, E-mail: iesociety79@gmail.com


## আইইএস জাতীয় মেধাবৃত্তি পরীক্ষা-২০২৫

**রেজিস্ট্রেশন ফি** : ২০০/- (দুই শত টাকা)। **রেজিস্ট্রেশনের শেষ সময়:** ৩০শে অক্টোবর, ২০২৫।

**পরীক্ষা তারিখ** : ২০শে ডিসেম্বর, ২০২৫, শনিবার। সারাদেশে একদিনে একই সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**অংশগ্রহণের যোগ্যতা** : যেকোনো স্কুল ও মাদ্রাসায় ৪র্থ ও ৭ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী।

**বৃত্তির সংখ্যা** : সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্র/জেলায় অংশগ্রহণকারী মোট শিক্ষার্থীর ৩% ট্যালেন্টপুল ও ৪% জেনারেল গ্রেডে বৃত্তি পাবে।

**বৃত্তির টাকার পরিমাণ** : ট্যালেন্টপুল ২০০০/- ও জেনারেল ১৫০০/-। ক্রেস্ট ও সনদ-সহ এককালীন দেওয়া হবে।

**জাতীয় মেধাক্রম** : সারাদেশের স্কুল ও মাদ্রাসার সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ২০ জনকে নিয়ে 'জাতীয় মেধাক্রম' ঘোষণা করা হবে।
১ম স্থান–৭০০০/-, ২য় স্থান–৬০০০/-, ৩য় স্থান–৫০০০/-, ৪র্থ স্থান–৪৫০০/- ও ৫ম স্থান–৪০০০/-।

**রেজিস্ট্রেশন প্রক্রিয়া:**

১. অনলাইন ও অফলাইন– দুইভাবেই রেজিস্ট্রেশন করা যাবে।

২. অনলাইনে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে: www.iesociety.org/registration লিংকে প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করলে হার্ডকপি পাঠানোর প্রয়োজন নেই। শুধু টাকা জমাদানের ট্রানজেকশন নম্বর/প্রুফ কপি অনলাইনে সংশ্লিষ্ট লিংকে সাবমিট করতে হবে।

৩. অফলাইন/হার্ডকপিতে রেজিস্ট্রশনের ক্ষেত্রে: রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের সিল ও স্বাক্ষর প্রদান করে সোসাইটির ঠিকানায় পাঠাতে হবে। রেজিস্ট্রেশন ফি একত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে সোসাইটি প্রদত্ত ব্যাংক অ্যাকাউন্টে জমা দিতে হবে। ব্যাংক জমার স্লিপ ফর্মের সঙ্গে পাঠাতে হবে।

৪. হিসাব নম্বর: ইসলামিক এডুকেশন সোসাইটি, চলতি হিসাব নং 20501450100129514, ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি, মৌচাক শাখা। মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে টাকা পাঠানোর নম্বর: ০১৭৩৫১৬৬৯৭৭ (বিকাশ/নগদ-পার্সোনাল)।

৫. রেজিস্ট্রেশন ফি প্রাপ্তি নিশ্চিত হওয়ার পর প্রতিষ্ঠান প্রধানের নম্বরে "রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে" মর্মে মেসেজ পাঠানো হবে।

৬. প্রতিষ্ঠান প্রধান তাঁর নিজস্ব আইডি ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রবেশ করে বিস্তারিত তথ্য দেখতে পারবেন।

**সিলেবাস ও মানবণ্টন:**

৭. স্কুল ও মাদ্রাসার জন্য পৃথক সিলেবাসে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক শ্রেণির ১০০ নম্বরের ১টি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সময় ২ ঘণ্টা।

৮. স্কুল: ৪র্থ শ্রেণি–(বাংলা-৩০, ইংরেজি-২৫, গণিত-২৫, ইসলাম শিক্ষা-১০ ও সাধারণ জ্ঞান-১০; সর্বমোট ১০০ নম্বর)।
৭ম শ্রেণি–(বাংলা-২৫, ইংরেজি-২৫, গণিত-২০, ইসলাম শিক্ষা-২০ ও সাধারণ জ্ঞান-১০; সর্বমোট ১০০ নম্বর)।

৯. মাদ্রাসা: ৪র্থ শ্রেণি–কুরআন মাজিদ-১০, আরবি-২০, বাংলা-২০, ইংরেজি-২০ ও গণিত-২০ ও সাধারণ জ্ঞান-১০; সর্বমোট ১০০ নম্বর।
৭ম শ্রেণি–কুরআন মাজিদ ও তাজবিদ-১৫, আরবি-১৫, বাংলা-২০, ইংরেজি-২০, গণিত-২০ ও সাধারণ জ্ঞান-১০; সর্বমোট ১০০ নম্বর।

**বৃত্তি প্রাপ্তির ধরন, যোগ্যতা ও মেধাক্রম:**

১০. কোনো প্রতিষ্ঠান থেকে ৩০ জন শিক্ষার্থী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করলে ওই প্রতিষ্ঠান থেকে কমপক্ষে একজন শিক্ষার্থীকে সাধারণ গ্রেডে বৃত্তি দেওয়া হবে। তবে সাধারণ গ্রেডের জন্য কমপক্ষে ৭০% নম্বর পেতে হবে। জেলাভিত্তিক সর্বোচ্চ নম্বরপ্রাপ্তদের মধ্য থেকে ট্যালেন্টপুলে বৃত্তি দেওয়া হবে। তবে শর্ত হলো, ট্যালেন্টপুলে বৃত্তির জন্য কমপক্ষে ৯০% নম্বর পেতে হবে।

**পরীক্ষা কেন্দ্র ও প্রবেশপত্র:**

১১. প্রত্যেক জেলায় কমপক্ষে ১টি পরীক্ষা কেন্দ্র থাকবে। তবে পরীক্ষার্থী সংখ্যার ওপর ভিত্তি করে এক বা একাধিক কেন্দ্র হতে পারে।

১২. কোনো উপজেলায় কমপক্ষে ৩০০ জন পরীক্ষার্থী হলে ওই উপজেলা বা শিক্ষাপ্রতিষ্ঠানে একটি কেন্দ্র দেওয়া হবে।

১৩. ১লা ডিসেম্বর, ২০২৫ থেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান সোসাইটির ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে নিবেন। সোসাইটি থেকে আলাদাভাবে কোনো প্রবেশপত্র পাঠানো হবে না। প্রবেশপত্রে পরীক্ষা কেন্দ্রের নাম, তারিখ ও সময় উল্লেখ থাকবে।

১৪. কেন্দ্র ও কেন্দ্র কমিটির সদস্যদের নাম ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৫. স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থীদের পরীক্ষা একই কেন্দ্রের পৃথক কক্ষে অনুষ্ঠিত হবে।

**ফলাফল প্রকাশ:** সম্ভাব্য জানুয়ারি-২০২৬।

আরও বিস্তারিত জানতে ওয়েবসাইট ভিজিট করুন অথবা কল করুন: ০১৭৭০ ৪২৫৬৫২ এই নম্বরে।